উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (বিবেচ্য মাস: এপ্রিল/২০২৪)
অধিবেশন:-১৩৭

উপদেষ্টা : মেজর জেনারেল আব্দুস সালাম,এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।
সভাপতি : হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ২৯ এপ্রিল ২০২৪
সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| ০২। **উপজেলা নির্বাহী অফিসার জানান যে,** অত্র উপজেলায় টিসিবি উপকারভোগীদের তালিকা প্রস্তুতের অনলাইন কার্যক্রম চলমান রয়েছে। নীতিমালা মোতাবেক উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করেন। | নীতিমালা মোতাবেক টিসিবি উপকারভোগীদের তালিকা প্রস্তুতের অনলাইন কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| গরু চুরি রোধের বিষয়ে আলোচনা করেন। জনগণকে সচেতন করতে হবে। প্রয়োজনে সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে গরু চুরি রোধের পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। | গরু চুরি রোধে এলাকায় সচেতনতা মূলক সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের দেয়া অভিযোগের প্রেক্ষিতে কোন মৃত ব্যক্তির নামে ভাতার অর্থ যেন ছাড় না হয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | কোন মৃত ব্যক্তির নামে ভাতার অর্থ যেন ছাড় না হয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল। |
| ০৩। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা** জানান, শেরপুর ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্রের পার্শ্বে অবৈধ দোকান ঘর রয়েছে। উক্ত অবৈধ ঘরগুলি উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করেন।<br>খারুয়া ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্রের বাউন্ডারি ওয়াল ঘেঁষে একটি গাছ পরে আছে এ বিষয়ে আলোচনা করেন।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল ঘেঁসে কতগুলি বাসা বাড়ী রয়েছে সে বিষয়ে একটি প্রতিবেদন তৈরী করা হচ্ছে। আগামী উপজেলা স্বাস্থ্য | শেরপুর ইউনিয়নের উপ-স্বাস্থ্যকেন্দ্রের পার্শ্বে অবৈধ দোকান ঘর উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং খারুয়া ইউনিয়নের উপ-স্বাস্থ্যকেন্দ্রের বাউন্ডারি ওয়াল ঘেঁষে পরা গাছের তথ্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি) নান্দাইল। |

| | | |
|---|---|---|
| কমিটির সভায় উত্থাপন করা হবে।<br>খাসি মহলের হাসপাতালের জমির বিষয়ে সুস্পষ্ট কোন ধারনা না থাকায় এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | খাসি মহলের হাসপাতালের জমির বিষয়ে প্রয়োজনীয় তথ্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি) নান্দাইল। |
| **০৪। উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ মৌসুমে অত্র উপজেলায় ২২,২৮০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। বোরো ফসলের বর্তমান স্তর দানা-২৪ পাকা-৫০% কর্তন-২৬%। ফসলের বর্তমান অবস্থা সন্তোষজনক। ৮০% বেশি পাকা থাকায় কৃষকদের দ্রুত বোরো ধান কাটার পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্তমানে আবহাওয়া অনুকূলে থাকায় সরেজমিনে দেখা যায় এখন পর্যন্ত প্রায় ২৬% বোরো ধান কর্তন সম্পন্ন হয়েছে এবং কৃষকগণ আশানুরূপ ফলন পাচ্ছেন। বোরো ফসলের পাশাপাশি আউশ আবাদের জন্য বীজতলা তৈরির এখনি সময় তাই বোরো এবং রোপা আমনের পাশাপাশি আউশ ধান ক্লাস্টার আকারে আবাদ করতে কৃষকদের সর্বদা পরামর্শ প্রদান করছেন উপসহকারী কৃষি কর্মকর্তাগণ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে খরিপ-১/২০২৪-২০২৫ মৌসুমে আউশ ফসলে ১৩৪০ জনকে উফশী বীজ ও রাসায়নিক সার প্রণোদনা প্রদান করা হয়েছে। ক্লাস্টার আকারে আউশ আবাদের নির্দেশনা থাকায় উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে আউশ আবাদ বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়েছে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ সন্তোষ জনক। অদ্য পর্যন্ত ইউরিয়া ৩৩৯ মেঃটন,টিএসপি-৩৮ মেঃটন, ডিএপি-৪৯ মেঃটন এবং এমওপি-৫৫ মেঃটন মজুদ রয়েছে । চলতি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | কোন ধরণের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| উপজেলা কৃষি অফিসার নান্দাইল এর উদ্যোগে অত্র উপজেলায় স্কুল কৃষি চালু করা হয়েছে। ইতোমধ্যে ১৭টি স্কুলে ১২৬০ জন ছাত্র-ছাত্রীকে বসতবাড়ির আঙ্গিনায় সবজি পুষ্টি বাগান স্থাপন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ৩টি স্কুলে উদ্বুদ্ধকরণের মাধ্যমে উপজেলা কৃষি অফিসের সহায়তা বাগান তৈরি করা হয়েছে।<br>কৃষকদের সার্বক্ষনিক সেবা প্রদানের জন্য কৃষক হেল্প ডেক্স এবং কৃষি সেবাঙ্গন উপজেলা কৃষি অফিসে চালু করা হয়েছে। এখান থেকে কৃষকগণ ২৪ ঘন্টা জরুরি | অত্র উপজেলায় স্কুল কৃষি কার্যক্রম চলমান রাখার এবং ছাত্র-ছাত্রীকে বসতবাড়ির আঙ্গিনায় সবজি পুষ্টি বাগান স্থাপন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| সেবা পাবেন। কর্তব্যরত কর্মকর্তাগণের সাথে সার্বক্ষনিক সেবা প্রদানের জন্য মোবাইল ফোন, ইমো, হোয়াটসঅ্যাপ এর মাধ্যমে কৃষকগণ যোগাযোগ করতে পারবেন এবং প্রয়োজনীয় সেবা পাবেন। | | |
| **০৫। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য অধিদপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| **০৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসে জরাজীর্ণ পরিত্যক্ত অবস্থায় পুরাতন ভবন রয়েছে। পরিত্যক্ত ভবনগুলো নিলামের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করার প্রস্তাব উত্থাপন করেন। উপজেলা প্রকৌশলী এলজিইডির সহযোগিতা কামনা করেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়ে পুরাতন পরিত্যক্ত ভবন নিলামের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্তকর্তা, নান্দাইল/ উপজেলা প্রকৌশলী এলজিইডি, নান্দাইল। |
| **০৭। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, ময়মনসিংহ কিশোরগঞ্জ আরএন্ডএইচ রাস্তা (নান্দাইল হেড কোয়ার্টার) হতে রসুলপুর পর্যন্ত (অগ্রাধিকার প্রকল্প) রাস্তাটি ৩৬১৭২২০০৮ নং আইডিভূক্ত করার জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br><br>এডিপি কার্যক্রম চলমান রয়েছে। পরিদর্শন পূর্বক সমাপ্ত প্রকল্পের কাজের বিল প্রদান করা হচ্ছে। | ময়মনসিংহ কিশোরগঞ্জ আরএন্ডএইচ রাস্তা (নান্দাইল হেড কোয়ার্টার) হতে রসুলপুর পর্যন্ত (অগ্রাধিকার প্রকল্প) রাস্তাটি ৩৬১৭২২০০৮ নং আইডিভূক্ত করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত আইডি নং গেজেট ভূক্ত করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি এর আওতায় সকল উন্নয়ন মূলক কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) নান্দাইল। |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) টি,আর অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কাজ চলমান। দ্রুত প্রকল্পের কাজ সম্পন্ন করে অফিসকে অবহিত করা হলে পরিদর্শন পূর্বক বিল প্রদান করা হবে।<br>বিভাগীয় অন্যান্য উন্নয়ন মূলক কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | প্রকল্পের কাজ পরিদর্শন পূর্বক বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,** বিগত ২১/৩/২০২৪ তারিখ থেকে ২০/০৪/২০২৪ তারিখ পর্যন্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় পবিত্র রমজান উপলক্ষে বন্ধ থাকার পর ২১/৪/২০২৪ তারিখ খোলার কথা ছিল। কিন্তু চলমান তাপদাহের কারণে ২৭ এপ্রিল পর্যন্ত বন্ধ বর্ধিত করা হয়েছে। ২৮/০৪/২০২৪ তারিখ মর্নিং শিফটে স্কুল চালু করা হয়েছে। সমাবেশ বন্ধ | সরকারি নির্দেশনা মোতাবেক স্কুলের সময়সূচি পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| থাকবে। প্রাক-প্রাথমিকের ক্লাশ বন্ধ আছে। সকাল ৮.০০-১১.৩০ টা পর্যন্ত মর্নিং স্কুলের সময়সূচী প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে সরবরাহ করা হয়েছে। অনলাইনে শিক্ষক বদলি কার্যক্রম চালু আছে।<br>তিনি আরও জানান যে বেশ কিছু প্রাথমিক বিদ্যালয়ের জমি ব্যক্তির নামে রেকর্ড করা হয়েছে। স্কুলের জমি সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নামে রেকর্ডভুক্ত করার জরুরি নির্দেশনা আছে। এলক্ষ্যে নান্দাইল উপজেলার ৩টি বিদ্যালয় যথা- ১। বীর ঘোষপালা, ২। ধলাপাতা ও ৩। ধূরুয়া স্কুলের ব্যক্তির নামে রেকর্ডভূক্ত জমি সচিব মহোদয়ের নামে রেকর্ডভূক্ত করার নিমিত্ত প্রধান শিক্ষক আবেদন ও জমির দলিলসহ সহকারী কমিশনার ভূমি মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করেছেন। চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক প্রাথমিক বিদ্যালয়ের জমি সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নামে রেকর্ডভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), নান্দাইল। |
| **১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান,** বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণে আগ্রহী প্রার্থীদের অংশগ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করেন। | গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১২। উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে,** মার্চ/২০২৪ খ্রিঃ তারিখ মাসিক অগ্রগতির প্রতিবেদন রিপোর্ট অনুযায়ী ৮৬,২২৫ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৬৮৪৯ এবং হার ৭৭.৫৩%।<br>মার্চ/২০২৪ খ্রিঃ মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা জানান ১। স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষ- ২জন, ২। স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা মহিলা-০০, ৩। অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা-৭৩, ৪। অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপার-টি গ্রহীতার সংখ্যা-১০ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| **১৩। সহকারী প্রোগ্রামার জানান যে,** নান্দাইল উপজেলা ডাকঘরের স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসাবে ১ জন নারী ও ১জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োগের লক্ষ্যে নান্দাইল উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হয়েছে। আবেদনের শেষ তারিখ ২ মে ২০২৪ দিবাগত রাত ১১.৫৯ আবেদন লিংক- http:bdpost.eksheba.gov.bd সকল ইউপি চেয়ারম্যানদের ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করেন। | নান্দাইল উপজেলা ডাকঘরের স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসাবে ১ জন নারী ও ১জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োগের বিজ্ঞপ্তিটি সকল ইউপি চেয়ারম্যানগণ ব্যাপক প্রচার করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

| | | |
|---|---|---|
| শেখ রাসেল পদক ২০২৪ এর জন্য আবেদন আহ্বান করা হয়েছে। অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোরদের উৎসাহ ও উদ্দীপনা জন্য অনলাইনে আবেদন করার বিষয়ে আলোচনা করেন।<br><br>জাতীয় তথ্য বাতায়নের শতকরা হার ১০০% করার জন্য বিশেষভাবে সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। জাতীয় তথ্য বাতায়ন যথাযথভাবে হালনাগাদ সংক্রান্ত যে কোন সমস্যায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উপজেলা কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। ইন-হাউজ প্রশিক্ষণের বিষয়ে আলোচনা করেন। | শেখ রাসেল পদক ২০২৪ এর নিমিত্ত অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোরদের উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সকল ইউপি চেয়ারম্যানগণকে জাতীয় তথ্য বাতায়নের শতকরা হার ১০০% করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জাতীয় তথ্য বাতায়ন যথাযথভাবে হালনাগাদ সংক্রান্ত যে কোন সমস্যায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উপজেলা কার্যালয়ে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **১৪। চেয়ারম্যান ৩নং নান্দাইল ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** উপজেলা সমাজসেবা কার্যালয়ের আওতায় বয়স্ক ভাতা প্রাপ্ত ব্যক্তির মৃত্যুর পরও দীর্ঘদিন যাবৎ ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। উপজেলা সমাজসেবা কার্যালয়ে এ বিষয়ে জানানো হয়েছে। নান্দাইল ইউনিয়নে গত এক বছর পূর্বে মৃত (বয়স্ক ভাতা প্রাপ্ত) ব্যক্তির সংখ্যাছিল প্রায় ৮৫ জন। বর্তমান সময়ে জরিপ করলে সংখ্যা আরও বৃদ্ধি পাবে। বিষয়টি সমাজসেবা কার্যালয়ে বার বার জানানোর পরও উক্ত কার্ডগুলিতে ভাতার অর্থ এখনো প্রদান করা হচ্ছে। এমন অভিযোগ প্রায় ইউনিয়ন হতে দেয়া হলেও কোন সমাধান পাওয়া যাচ্ছে না।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, এবিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে দ্রুত প্রদক্ষেপ গ্রহণ করতে হবে। বয়স্ক ভাতা প্রাপ্ত মৃত ব্যক্তিদের নাম বাদ দিতে হবে। মৃত ব্যক্তির নামে ভাতার অর্থ না দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বয়স্ক ভাতা প্রাপ্ত মৃত ব্যক্তিদের নামে ভাতার অর্থ না দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল। |
| **১৫। চেয়ারম্যান ১০নং শেরপুর ইউনিয়ন পরিষদ জানান যে** অটো চালকদেরকে নান্দাইল পৌরসভায় আসার পর ড্রাইভারদেরকে পৌরসভার কার্যালয় হতে লাইসেন্স নেয়ার জন্য গাড়ির চাবি, গাড়ির সিট রেখে দেয়া হয়। চলন্ত গাড়ি থামিয়ে লাইসেন্সের জন্য যাত্রীসহ ড্রাইভারদেরকে হয়রানি করা হয়। যে সকল ড্রাইভারদের বাড়ি ইউনিয়নে তাদেরকে পৌরসভার লাইসেন্স গ্রহণ করতে পৌরসভার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ বাধ্য করছে। উক্ত সমস্যা সমাধানের জন্য এবং লাইসেন্স ফি নির্ধারণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন।<br><br>সভাপতি জানান যে, অটো ড্রাইভাদের লাইসেন্সের | প্রস্তাবিত বিষয়ে মেয়র, নান্দাইল পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সমন্বয়ে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নান্দাইল পৌরসভা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

| | | |
|---|---|---|
| সমস্যা সমাধানের জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি জানান যে, যে সকল অটো ড্রাইভারদের বাড়ি ইউনিয়নে সে সকল ড্রাইভারগণ তাদের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেব হতে লাইসেন্স গ্রহণ করবে এবং যে সকল অটো চালকের বাড়ি পৌরসভায় তারা পৌরসভার মেয়র সাহেব হতে লাইসেন্স গ্রহণ করবে। উক্ত গাড়িগুলি পৌরসভাসহ যে কোন ইউনিয়নে যাতায়াত করতে পারবে এ বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন। | | |
| **১৬। চেয়ারম্যান ১১ নং খারুয়া ইউনিয়ন পরিষদ জানান যে** জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয় হতে খারুয়া ইউনিয়নে টিউবওয়েল দেয়া হয়েছে। টিউবওয়েল গুলিতে পানি পাওয়া যায়না। অনেক টিউবওয়েলের কাজ ঠিকাদার এখনো সমাপ্ত করেনি। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করেন। | জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ের আওতায় স্থাপিত যে সব টিউবওয়েলে পানি উঠেনা সে সব টিউবওয়েল সচল করে পানি উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌলশলী (জনস্বাস্থ্য) নান্দাইল। |
| **১৭। চেয়ারম্যান ১৩ নং চরবেতাগৈর ইউনিয়ন পরিষদ জানান যে** চরভেলামারি আশ্রয়ন প্রকল্পে হ্যান্ড টিউবওয়েলগুলিতে পানি উঠেনা এবং দুইটি সাবমারসেবল স্থাপন করা হয়েছে ট্যাংকি দেয়া হয়নি। | চরভেলামারি আশ্রয়ন প্রকল্পের সাবমারসেবল ও হ্যান্ড টিউবওয়েল এর সমস্যা দ্রুত সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নান্দাইল। |
| **১৮। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ** নান্দাইল উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৮ ধারা ও উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন), ২০১০ মোতাবেক প্রস্তুতকৃত খসড়া বাজেট তিনি সভায় উত্থাপন করেন। ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | নান্দাইল উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ। |
| নান্দাইল উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সভায় উত্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নান্দাইল উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল সদস্যগণ। |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ের আওতায় সকল ভাতার কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়নের জন্য উপজেলা সমাসেবা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ের আওতায় সকল ভাতার কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯। ৪। ২০২৪
(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩-২৭ তারিখ ঃ-২৯/০৪/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৪, ময়মনসিংহ-৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২৯/০৪/২৪

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।